

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-২৩৮-আইন/২০১২/৬৫৫-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৪ জ্যেষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮০-আইন/২০১২/৬৩৮-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) টেবিল-২ (আমদানি ও উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) ৮৫.২৩ এবং উহার বিপরীতে কলাম (২) এর সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS code) ৮৫২৩.২৯.১২ ও ৮৫২৩.৪৯.২০ এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত "Storage device incorporating software" শব্দসমূহের পরিবর্তে "Software" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) টেবিল-৩ (উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) ৭৩.২৬ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন শিরনামা সংখ্যা (Heading No.) ৭৬.১৫ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এর নিম্নবর্ণিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

"৭৬.১৫

সংশ্লিষ্ট

এইচএস কোড

এ্যালুমিনিয়াম ও এনামেলের তৈরী কিচেন বা অন্যান্য গৃহস্থালীর তৈজসপত্র, স্যানিটারী ওয়্যার এবং যন্ত্রাংশ [প্রেসার কুকার, ফ্রাইপেন (ননস্টিক) ও উহাদের যন্ত্রাংশ ব্যতিত]"।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[নাসির উদ্দিন আহমেদ]

সচিব